

...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৫৫.২১-৮৯

তারিখ: ১১ ভাদ্র ১৪২৮

২৬ আগস্ট ২০২১

বিষয়: ঠাকুরগাঁও জেলার সদর উপজেলাধীন শোল্টহরি আলিম মাদ্রাসা ডিআইএ এর পরিদর্শন প্রতিবেদনের আলোকে প্রণীত ব্রডশীট জবাবের অনুচ্ছেদ ১৫ ১(ট) এর আপত্তির উপর টিএমইডি এর নির্দেশনা বাস্তবায়নক্রমে প্রমাণকসহ তথ্য প্রেরণ।

সূত্র: ০১. টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৬৬.০১.০০৩.১৭-১৫৩, তারিখ: ২০.০৫.২০১৮ খ্রি।

০২. মাউশি এর স্মারক নং-৩৭.০২.০০০০.২০৮.০৪.১৮-৯১৩, তারিখ: ০৭/০৮/২০১৮ খ্রি.

০৩. টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৬৬.০১.০০৩.১৭-৫৬০, তারিখ: ২৯.১০.২০১৮ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রগুলোর পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও জেলার সদর উপজেলাধীন শোল্টহরি আলিম মাদ্রাসার সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মোছা: জোসনা বেগম-এর কম্পিউটার সনদটি জাল হওয়া সত্ত্বেও কিভাবে উক্ত শিক্ষক-কে এমপিওভুক্ত করা হয়েছে, সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রেরণের জন্য সূত্রস্ব ০১ নং স্মারক মতে ডিজি, মাউশিঅ বরাবর অনুরোধ জানানো হয়েছিল।

০২. উক্ত অনুরোধের প্রেক্ষিতে সূত্রে বর্ণিত ২ নং স্মারকের মাধ্যমে ডিজি, মাউশিঅ কর্তৃক যে মতামত দেয়া হয়েছে তা নিম্নরূপ:

(ক) "ঠাকুরগাঁও জেলার সদর উপজেলাধীন শোল্টহরি আলিম মাদ্রাসার সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মোছা: জোসনা বেগমকে জানু/২০০৪ থেকে এমপিওভুক্ত করা হয়। কম্পিউটার সনদ জাল হওয়ায় তার এমপিও প্রাপ্তি সঠিক ছিল না। তিনি কিভাবে এমপিওভুক্ত হয়েছেন সে বিষয়ে ইএমআইএস সেলের বক্তব্য হলো: বর্ণিত শিক্ষক কিভাবে এমপিওভুক্ত হয়েছেন তার তথ্য সার্ভারে নেই এবং সংরক্ষণ ব্যবস্থা ভাল না থাকায় পুরাতন সিট অনেক চেষ্টা করেও খুঁজে পাওয়া সম্ভব হচ্ছে না। তাছাড়া তৎকালীন সার্ভার বর্তমানে বিকল অবস্থায় আছে এবং তৎকালীন সার্ভারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ বর্তমানে ইএমআইএস সেলে কর্মরত নেই"।

(খ) "উল্লেখ্য, ২০০৬ সাল থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে শিক্ষক-কর্মচারীদের এমপিও কার্যক্রম নথিতে সম্পন্ন করা হচ্ছে। এর পূর্বে সিটের মাধ্যমে শিক্ষক-কর্মচারীদের এমপিও সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা হতো"।

(গ) "উক্ত শিক্ষকের কম্পিউটার সনদ জাল হওয়া সত্ত্বেও তিনি কিভাবে এমপিওভুক্ত হয়েছিলেন এবং একাজে কারা সম্পৃক্ত ছিলেন সেটি নির্ধারণ করা যাচ্ছে না"।

০৩. ডিজি, মাউশিঅ কর্তৃক প্রদত্ত তথ্য হতে এটা স্পষ্ট যে, সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মোছা: জোসনা বেগম-এর কম্পিউটার সংক্রান্ত সনদটি জাল হওয়া সত্ত্বেও বেআইনিভাবে তাঁকে (জনাব মোছা: জোসনা বেগম) এমপিওভুক্ত করা হয়েছিল।

০৪. উপরিউক্ত তথ্য হতে এটা স্পষ্ট যে, সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মোছা: জোসনা বেগম-এর এমপিওভুক্তির কার্যক্রমটি বেআইনিভাবে ডিজি, মাউশিঅ কর্তৃক সম্পাদন করা হয়েছিল।

০৫. বর্ণিতাবস্থায়, উপরিউক্ত মতে সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মোছা: জোসনা বেগম-এর সনদটি জাল হওয়ায় তৎকর্তৃক বেআইনিভাবে উত্তোলিত অর্থ উদ্ধারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক তথ্য (প্রমাণকসহ) আগামী ১৮.১০.২০২১ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৩ ফর্দ।



২৬-৮-২০২১

নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ
গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউজ, ৭ম ও ১০ম
তলা, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৫৫.২১-৮৯/১(৫)

তারিখ: ১১ ভাদ্র ১৪২৮
২৬ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) অফিস কপি, মাষ্টার কপি।



২৬-৮-২০২১

নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব